গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা
www.khulna.gov.bd

এপ্রিল ২০২৬ মাসে জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	হুরে জান্নাত জেলা প্রশাসক
সভার তারিখ	২৬-০৪-২০২৬ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০২.৩০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
উপস্থিতি	পরিশিষ্টি-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করতে হবে।	উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিস (সকল), খুলনা
০২.	জেলা আইসিটি কমিটির সভা সংক্রান্ত	জেলা আইসিটি কমিটির সভা এখন থেকে প্রতি মাসে Zoom App এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। Zoom App এর আইডি ও পাসওয়ার্ড প্রতি মাসের সভার নোটিশের মাধ্যমে জানানো হবে মর্মে-এ বিষয়ে আলোচনা করা হয়।	জেলা আইসিটি কমিটির সভা এখন থেকে প্রতি মাসে Zoom App এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। Zoom App এর আইডি ও পাসওয়ার্ড প্রতি মাসের সভার নির্ধারিত তারিখে নোটিশের মাধ্যমে সকল সদস্যেদের জানানো হবে-মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (আইসিটি), খুলনা ২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয় (আইসিটি) শাখা, খুলনা

০৩.	ওয়েব পোর্টাল হালনাগাদকরণ	(১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদকরণ এবং কোনো সমস্যা পরিলক্ষিত হলে জেলা পর্যায়ে প্রোগ্রামার এবং উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা আইসিটি অফিসারকে অবহিত করতে হবে। (২) যেকোনো ধরণের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে খুলনা জেলার সকল সরকারি দপ্তরের দপ্তর প্রধান তাঁদের দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করবেন-এ বিষয়ে আলোচনা হয়। (৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা বলেন নতুন Version আসার ফলে জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিটি অফিসের আইডি ও পাসওয়ার্ড নতুন হওয়ায় তাদের অফিসের কোনো কাজ করা সম্ভব হচ্ছে না। তিনি বলেন যদি কোনো অফিসের ওয়েবসাইট হালনাগাদ করতে সমস্যা হয় তাহলে এটুআই এর সাথে সংশ্লিষ্ট অফিসের যোগাযোগ করে তাদের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।	(১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। (২) যেকোনো ধরণের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে খুলনা জেলার সকল সরকারি দপ্তরের দপ্তর প্রধানকে তাঁদের দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদকরণের নিমিত্ত পত্র প্রেরণ করতে হবে-মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। (৩) নতুন Version আসার ফলে জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিটি অফিসের আইডি ও পাসওয়ার্ড নতুন হওয়ায় সংশ্লিষ্ট অফিসের ওয়েবসাইট হালনাগাদ করণের জন্য সহকারী কমিশনার (আইসিটি), খুলনা কর্তৃক পত্র প্রেরণ করতে হবে-মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। দপ্তর প্রধান (সকল), খুলনা ২। সহকারী কমিশনার (আইসিটি), খুলনা
০৪.	ডি-নথি সংক্রান্ত	জেলা প্রশাসকের কার্যালয় ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দ্রুততার সাথে ডি-নথিতে ডাক নিষ্পন্ন করাসহ সকল কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা প্রশাসকের কার্যালয় ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দ্রুততার সাথে ডি-নথিতে ডাক নিষ্পন্ন করাসহ সকল কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), খুলনা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৩-০৫-২০২৬
হুরে জান্নাত
জেলা প্রশাসক
ইমেইল : dckhulna@mopa.gov.bd

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০৩২.০৬.০০০১.২৫.১৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
৪। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, খুলনা।

৫। উপ পরিচালক, উপপরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, খুলনা।
৭। ডেপুটি সিভিল সার্জন, ডেপুটি সিভিল সার্জনের শাখা, জেলা সিভিল সার্জনের কার্যালয়, খুলনা।
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট(এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত বিভাগ-১, খুলনা জেলা।
১০। উপপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা।
১১। উপ পরিচালক, ., উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
১২। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খুলনা।
১৩। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
১৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা।।
১৫। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, খুলনা।
১৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা।
১৭। অধ্যক্ষ, সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা।
১৮। উপ-মহাব্যাবস্থাপক (মেট্রো), বিটিসিএল, খুলনা।
১৯। সহকারী পরিচালক, বিটিআরসি, খুলনা।
২০। প্রধান শিক্ষক, খুলনা জিলা স্কুল, খুলনা।
২১। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা।
২২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, খুলনা।
২৩। জেলা আইসিটি অফিসার, জেলা আইসিটি অফিসার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা।
২৪। সহকারী প্রোগ্রামার (সকল),খুলনা।

১৩-০৫-২০২৬
হুরে জান্নাত
জেলা প্রশাসক